# Times Today BD

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 27 June, 2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ স্লোটেক্স আউটারওয়্যার লিমিটেডকে জাতীয় পরিবেশ পদক ২০২৪ প্রদান করা হয়েছে।

২৫ জুন ঢাকা চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে বিশ্ব পরিবেশ দিবস ও জাতীয় বৃক্ষরোপণ অভিযান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান পদকটি স্লোটেক্স আউটারওয়্যার লিমিটেডের ডিরেক্টর (অপারেশন) মোঃ তোফাজ্জল হোসেনের হাতে তুলে দেন।

স্লোটেক্স আউটারওয়্যার লিমিটেড ঢামরাইয়ের ঢুলিভিটার লাকুরিয়া পাড়ায় অবস্থিত এবং কর্মীদের জন্য সবুজ ও পরিবেশবান্ধব কর্মক্ষেত্র গড়ে তুলতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। প্রতিষ্ঠানটি প্রতি বছর এক লাখ গাছের চারা বিনামূল্যে বিতরণ করে, কারখানার ৮০ শতাংশ এলাকায় বনায়ন করেছে এবং সৌর শক্তি ব্যবহার বৃদ্ধি করেছে।এছাড়া, প্লাস্টিকের ব্যবহার কমানো, পুনর্ব্যবহারযোগ্য ব্যাগ ব্যবহার, বিদ্যুৎ ও পানি সাশ্রয়ী প্রযুক্তি প্রবর্তনসহ ইটিপি মেশিনের মাধ্যমে তরল বর্জ্য পরিশোধন চালিয়ে যাচ্ছে প্রতিষ্ঠানটি।

স্লোটেক্স আউটারওয়্যার লিমিটেডের ডিরেক্টর (অপারেশন) মোঃ তোফাজ্জল হোসেন বলেন,

“জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে পরিবেশ রক্ষায় আমরা সবসময় সচেষ্ট।এই জাতীয় পরিবেশ পদক আমাদের প্রচেষ্টার স্বীকৃতি।এটা আমাদের জন্য গর্বের বিষয়।”

স্লোটেক্স গ্রুপের ডিরেক্টর (গ্রুপ অপারেশন) মোশারফ হোসেন বলেন,

“আমরা পরিবেশবান্ধব হওয়ার জন্য কাজ করেছি, যাতে দেশের পরিবেশ রক্ষা হয়।জাতীয় পরিবেশ পদক আমাদের জন্য অনুপ্রেরণা।ভবিষ্যতেও আমরা পরিবেশের সঙ্গে সমন্বয়ে কাজ চালিয়ে যাব।”

পরিবেশ বন স্লোটেক্স আউটারওয়্যার লিমিটেড বিশ্ব পরিবেশ দিবস জাতীয় বৃক্ষরোপণ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:48

URL: https://www.timestodaybd.com/public/economy/6525903788